

আপনি কি জুয়ার নেশায় প্রবলভাবে আক্রান্ত?

বিশেষ দৃষ্টি আকর্ষণ:

জুয়া এবং এ সংক্রান্ত খেলা কি আপনার জীবনে কোনো সমস্যা সৃষ্টি করছে?

এ জন্য কি আপনার নিত্যদিনের অনেক সময় বা অর্থ ব্যয় হচ্ছে?

এটা কি আপনার ব্যক্তিগত অথবা সাংসারিক জীবনে কোনো অর্থনৈতিক সমস্যা তৈরি করছে?

এধরনের খেলার পেছনে অধিক অর্থ ব্যয় না করলেও এধরনের খেলা কি আপনার জীবনকে কোনোভাবে নিয়ন্ত্রণ করছে?

অথবা আপনি কি জুয়া খেলায় প্রচণ্ডভাবে আসক্ত আপনার পরিবারের এমন কোনো সদস্য, আত্মীয়সুজন, অথবা বন্ধুবান্ধবকে নিয়ে ভীষণভাবে চিন্তিত?

জুয়া এবং এ সংক্রান্ত খেলা দুটোই প্রচণ্ড নেশার সৃষ্টি করে। এধরনের খেলায় কেউ কেউ স্লট মেশিনে খেলাকে বেশী পছন্দ করে।

কেউ রোলেট আবার কেউ কেউ কমপিউটারে জুয়া খেলাকে বেশী পছন্দ করে। মনে রাখবেন আপনি একাই এ

সমস্যার দ্বারা আক্রান্ত। আপনার আশেপাশে প্রতিনিয়ত অনেকেই এসমস্যার দ্বারা আক্রান্ত হচ্ছে।

আমাদের চেষ্টা থাকবে আপনার জীবনকে পুনরায় স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে।

ফিনল্যান্ডে তরুণ সমাজের অনেকেই এ নেশায় আক্রান্ত। নেশাগ্রস্ত অধিবাসী তরুণ সমাজকে বিনামূল্যে সাহায্য করার জন্য

সোশাল পেডাগগী নামক সংস্থা একটি পরিকল্পনা হাতে নিয়েছে। এর সংক্ষিপ্ত নাম দেওয়া হয়েছে “মাপে”। এদের সহায়তা পেতে

চাইলে আপনাকে কোনো অর্থ ব্যয় করতে হবেনা। আপনি চাইলে আপনার নাম, ঠিকানা, এবং ব্যক্তিগত

তথ্য গোপন রেখেই এর সহযোগীতা পেতে পারেন। এই প্রকল্পটি হেলসিংকী এবং ভাছা অঞ্চলে ২০০৯ সাল পর্যন্ত পরিচালিত হবে। এ সংস্থা

ফিনিশ, ইংলিশ, এবং সুইডিশ ভাষায় সহায়তা দান করে থাকে। যদি এইসব ভাষার কোনো একটিতেও আপনার দক্ষতা না থাকে, এ

সংস্থা আপনাকে ভাষা অনুবাদকের মাধ্যমে সহায়তা দান করবে। এছাড়া আপনি চাইলে আপনার পরিবারের যে কোনো সদস্য অথবা আপনার

কোনো বন্ধু-বান্ধব এক্ষেত্রে আপনার ভাষা অনুবাদক হতে পারে। আপনার নিকটস্থ সমাজ কল্যান দপ্তরও আপনার জন্য ভাষা অনুবাদকের ব্যবস্থা

করে দিতে পারে। আপনি যদি সবেমাত্র ফিনল্যান্ডে এসে থাকেন, এক্ষেত্রে অধিবাসন সংস্থা থেকে ভাষা অনুবাদক

পাওয়ার জন্য আপনি আবেদন করতে পারেন। সবশেষে “মাপে” সংস্থাও এব্যাপারে আপনাকে বিশেষ সহায়তা প্রদান করে থাকবে।

আমাদের সঙ্গে যোগাযোগের ঠিকানা:

হেলসিংকী অঞ্চল:

আনিতা লাহডে,

মোবাইল/টেকস্ট: ০৫০ ৩৭৫ ৪৭৬০

ই-মেইল: anita.lahde@sosped.fi

ভাছা অঞ্চল:

তুলা এমাস,

মোবাইল/টেকস্ট: ০৫০ ৩৭৫ ৪৭৬২

ই-মেইল: tuula.emas@sosped.fi

অনুবাদ: মেহেরনোছা ভূইয়া

